সংবাদ

21 OCT 2016
৫ কলাম ৪

# 'বেরোবি সম্ভাবনাময় বিশ্ববিদ্যালয়'

প্রতিনিধি, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়-

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ইতিমধ্যে বিভিন্ন সমস্যা কাটিয়ে ওঠে সমসাময়িক বিশ্ববিদ্যবিদ্যালয়গুলোর মধ্যে সম্ভাবনাময় বিশ্ববিদ্যালয় হিসেবে সুনাম কুড়িয়েছে। বিশ্ববিদ্যালয়টি এখন আন্তর্জাতিক মানের পথে এগিয়ে যাচ্ছে। গত বুধবার বিশ্ববিদ্যালয়ের ৮ম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় উপাচার্য অধ্যাপক ড. এ কে এম নূর-উন-নবী একথা বলেন। তিনি আরো বলেন, এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিভিন্ন প্রতিযোগিতায় জাতীয়ভাবে বিজয়ী হয়ে এখন আন্তর্জাতিক অঙ্গনে অংশ নিচ্ছে। আন্তর্জাতিক মানের ল্যাবরেটরিসহ শিক্ষা সহায়ক প্রয়োজনীয় সুবিধা নিশ্চিত করা হচ্ছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে প্রখ্যাত সঙ্গীতশিল্পী রথীন্দ্রনাথ রায়, প্রজনন ও শিশু স্বাস্থ্য বিশেষজ্ঞ ড. হালিদা হানুম আখতার, কলা অনুষদের ডিন প্রফেসর ড. সাইদুল হক, বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ তাজুল ইসলাম, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন মোঃ ফেরদৌস রহমান ও উপাচার্যের সহধর্মিণী মিসেস গুল নাহার নবী উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন কমিটির আহবায়ক প্রফেসর ড. নাজমুল হক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এর আগে সকাল সাড়ে ১০টায় ক্যাম্পাসে একটি আনন্দ শোভাযাত্রা বের করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেন। বাদ্যের তালে তালে নানা রঙের ব্যানার, ফেস্টুন, মুখোশ, বেলুনসহ নানা আয়োজনে শোভাযাত্রাটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে জাতীয় পতাকা উত্তোলন ও শান্তির প্রতিক পায়রা উড়িয়ে দিনব্যাপী কর্মসূচির উদ্বোধন করা হয়। বিকেলে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন মধ্যে দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। উল্লেখ্য যে, ১২ অক্টোবর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা দিবস হলেও ছুটিজনিত কারণে গত ১৯ অক্টোবর বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন করা হয়।